

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০৩৫.২৩.২৬১

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯

০৬ এপ্রিল ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১৩০২/২০২৩ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ১৩০২/২০২৩ -এর ০২/০২/২০২৩ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজউক অননুমোদিত নক্সা বহির্ভূত অবৈধ স্থাপনা নির্মাণ করায় রাজউক কর্তৃক ভেঞ্চে অপসারণ করার বিষয়ে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ রাজউক এর ২২/০১/২০২৩ তারিখের ১৯নং স্মারককে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট আট জনকে প্রতিপক্ষ করে পিটিশনার জনাব মো: বদিউল আলম কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ১৩০২/২০২৩ রুজু করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। এ রিটের ২নং প্রতিপক্ষ চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, মতিঝিল ঢাকা।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৩০২/২০২৩ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্রের দুই সেট সত্যায়িত কাগজপত্র এবং এ রিটের সার্টিফাইড কপি জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

৬-৪-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০১৯৭

ইমেইল: Lglaw2@lgd.gov.bd

চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ,  
রাজউক ভবন, মতিঝিল ঢাকা।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০৩৫.২৩.২৬১/১(৪)

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯

০৬ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৬-৪-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)